



মহান

বিজয়

দিবস ২০১৯



উপজেলা প্রশাসন
আটঘরিয়া, পাবনা

মহান বিজয় দিবস ২০১৯ এর কর্মসূচি

দিন	সময়	কর্মসূচি	স্থান
১২ ডিসেম্বর		চিত্রাঙ্কন প্রতিযোগিতা	উপজেলা পরিষদ মিলনায়তন
১৫ ডিসেম্বর	সন্ধ্যা ৫. ৩০ টা	উপজেলা পরিষদ ভবন ও বিভিন্ন সরকারি/ বেসরকারি ভবনে আলোক সজ্জা	সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও ভবনসমূহ
১৬ ডিসেম্বর ২০১৯	সূর্যোদয়ের সাথে সাথে	৩১ (একত্রিশ) বার তোপধ্বনির মাধ্যমে মহান বিজয় দিবসের শুভ সূচনা	উপজেলা পরিষদ মাঠ
	সূর্যোদয়ের সাথে সাথে	মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ	১। অস্থায়ী স্মৃতিসৌধ, দেবোত্তর ২। স্মৃতিসৌধ, মাজপাড়া
	সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবন
	সকাল ৬. ৪৫ টা	আটঘরিয়া উপজেলার মধ্যে অবস্থিত শহীদ মুক্তিযোদ্ধাদের কবর জিয়ারত	স্ব স্ব কবরস্থান
	সকাল ৯.০০ টা	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য কুচকাওয়াজ এবং শরীর চর্চা ও ডিসপ্লে প্রদর্শন।	উপজেলা পরিষদ মাঠ
	সকাল ১০.০০ টা	ক্রীড়ানুষ্ঠান	উপজেলা পরিষদ মাঠ
	বেলা ১১:০০ টা	পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ মাঠ
	বেলা ১২:০০ টা	বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সংবর্ধনা	উপজেলা পরিষদ মিলনায়তন
	বাদ যোহর/ সুবিধামত সময়	জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে মসজিদে বিশেষ মোনাজাত এবং মন্দির, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা	মসজিদ, মন্দির, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়
	দুপুর ০২:০০ টা	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগী এবং এতিমখানার এতিমদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন	আটঘরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও এতিমখানা
	বিকাল ০৩.০০টা	প্রীতি ফুটবল প্রতিযোগিতা শহীদ মুক্তিযোদ্ধা তোতা মিয়া একাদশ বনাম শহীদ মুক্তিযোদ্ধা হায়দার আলী একাদশ	উপজেলা পরিষদ মাঠ
	সন্ধ্যা ০৬ .০০টা	'জাতির পিতার সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠান।	উপজেলা পরিষদ মিলনায়তন



সুধি

আসসালামু আলাইকুম। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস জাতীয় জীবনের এক গৌরবোজ্জ্বল দিন। ১৯৭১ সালের এই দিনে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ ও লাল সবুজের পতাকা। মহান বিজয় দিবস ২০১৯-এ আটঘরিয়া বাসীকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি। দিবসটি যথাযোগ্য সম্মান ও মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে উপজেলা প্রশাসন, আটঘরিয়া, পাবনা কর্তৃক দিনব্যাপী কর্মসূচির আয়োজন করা হয়েছে।


দিবসের সকল কর্মসূচিতে আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

মোছাঃ ফুয়ারা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা

বাংলাদেশের জাতীয় পতাকা



পতাকার রং ও বৈশিষ্ট্য

বাংলাদেশের জাতীয় পতাকার রং উজ্জল ঘন সবুজের মাঝখানে রক্ত বর্ণের ভরাট বৃত্ত। পতাকার সবুজ অংশ তারুণ্যের উদ্দীপনা এবং গ্রাম বাংলার বিস্তৃত সবুজ প্রাকৃতিক পরিবেশের প্রতীক। পতাকার রক্ত বর্ণের ভরাট বৃত্তটি বিজয়ের নতুন সূর্যের প্রতীক।



পতাকার মাপ

১. জাতীয় পতাকা হবে আয়তাকার।
২. পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত হবে ১০ঃ৬।
৩. পতাকার মাঝের লাল বৃত্তটি হবে দৈর্ঘ্যের পাঁচ ভাগের একভাগ ব্যাসার্ধ বিশিষ্ট।
৪. পতাকার দৈর্ঘ্যকে সমান ১০ ভাগ এবং প্রস্থকে সমান ২ ভাগে ভাগ করে প্রত্যেক ভাগকে ১ ইউনিট ধরতে হবে।
৫. পতাকার দৈর্ঘ্যের ডানদিকে সাড়ে পাঁচ ইউনিট এবং বাম দিকে সাড়ে চার ইউনিট রেখে একটি লম্ব টানতে হবে এবং প্রস্থকে সমান দুই ভাগে ভাগ করে একটি সমান্তরাল সরল রেখা টানতে হবে। এ দুটি রেখা পরস্পর যেখানে মিলিত হবে সে বিন্দুই হবে লাল বৃত্তের কেন্দ্রবিন্দু।



পতাকার আকার

সরকারি ও বেসরকারি ভবনের জন্য জাতীয় পতাকার আকার

১. দৈর্ঘ্য ৩০৫ সেঃ মিঃ প্রস্থ ১৮৩ সেঃ মিঃ
২. দৈর্ঘ্য ১৫২ সেঃ মিঃ প্রস্থ ৯১ সেঃ মিঃ
৩. দৈর্ঘ্য ৭৬ সেঃ মিঃ প্রস্থ ৪৬ সেঃ মিঃ

যানবাহনের জন্য জাতীয় পতাকার আকার

১. দৈর্ঘ্য ৩৮ সেঃ মিঃ প্রস্থ ২৩ সেঃ মিঃ
২. দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ

টেবিলের জাতীয় পতাকার আকার (আন্তর্জাতিক ও দ্বি-পাক্ষিক বৈঠক)

১. দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ